**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫৩/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ১৪ মার্চ ২০১৭, ৩০ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ওজনে অনিয়মে কঠোর শাস্তির বিধান রেখে আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন
২। সন্ত্রাসী ও জঙ্গিমুক্ত দেশ গড়তে ঐক্যবদ্ধ হয়ে কাজ করুন : রাষ্ট্রপতি
৩। প্রধানমন্ত্রী আজ লক্ষ্মীপুর যাচ্ছেন
৪। হজ ব্যবস্থাপনা নিয়ে কোনো অনিয়ম ও দুর্নীতির সুযোগ নেই : ধর্মমন্ত্রী
৫। পর্যায়ক্রমে ১০ কোটি ১৭ লাখ স্মার্ট কার্ড বিতরণ করা হবে : প্রধান নির্বাচন কমিশনার
৬। জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদক নিয়ন্ত্রণে এশিয়ার দেশগুলোর পুলিশের সরাসরি যোগাযোগ চায় বাংলাদেশ
৭। আসামিকে ডান্ডাবেড়ি পরিয়ে আদালতে হাজির করা যাবে না : হাইকোর্টের নির্দেশ
৮। এসএমই উদ্যোক্তাদের ঋণের খরচ কমবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার
৯। চেক জালিয়াতিতে খোয়ানো টাকা গ্রাহককে তাৎক্ষণিক ফেরত দিতে হবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার
১০। জাতীয় এসএমই মেলা শুরু আগামীকাল

চলমান পাতা-২

**১। ওজনে অনিয়মে কঠোর শাস্তির বিধান রেখে আইনের খসড়া মন্ত্রিসভায় অনুমোদন**

কঠোর শাস্তির বিধান রেখে স্ট্যান্ডার্ডস ওজন ও পরিমাপ আইন-২০১৭ এর খসড়া নীতিগতভাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ১৩ মার্চ সোমবার অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠকে কৃষি ও শিল্প সংক্রান্ত অপর দুটি প্রস্তাবিত আইনের খসড়াও নীতিগতভাবে অনুমোদন দেওয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম বলেন, নতুন আইনে স্ট্যান্ডার্ডস ওজন ও পরিমাপ কাজে অসাধুতা করার অভিযোগ প্রমাণিত হলে দু'বছরের কারাদন্ড এবং ৫০ হাজার টাকা জরিমানার বিধান রাখা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**২। সন্ত্রাসী ও জঙ্গিমুক্ত দেশ গড়তে ঐক্যবদ্ধ হয়ে কাজ করুন : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বঙ্গবন্ধু যে স্বপ্ন নিয়ে দেশটা স্বাধীন করেছিলেন, তা পূরণের দায়িত্ব আমাদের সকলের। আর এজন্য দরকার একটি শিক্ষিত জনগোষ্ঠী। দেশকে নিরক্ষর, দারিদ্র্য, সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত করতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার অঙ্গীকার করতে হবে। তাহলেই দেশ এগিয়ে যাবে, প্রতিষ্ঠিত হবে সোনার বাংলা। তিনি গতকাল ১৩ মার্চ সোমবার কিশোরগঞ্জের ইটনা উপজেলায় রাষ্ট্রপতি আবদুল হামিদ কলেজের ২০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

**৩। প্রধানমন্ত্রী আজ লক্ষ্মীপুর যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ১৪ মার্চ মঙ্গলবার লক্ষ্মীপুর যাচ্ছেন। তিনি জেলা স্টেডিয়াম মাঠে দলীয় জনসভায় ভাষণ দেবেন। প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে প্রস্তুত জেলাবাসী। তিনি মজু চৌধুরীর হাট নৌবন্দর ঘোষণাসহ ১০টি নবনির্মিত ভবনের উদ্বোধন এবং ১৭টি উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন ও জেলা আওয়ামী লীগ। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৪। হজ ব্যবস্থাপনা নিয়ে কোনো অনিয়ম ও দুর্নীতির সুযোগ নেই : ধর্মমন্ত্রী**

হজ ব্যবস্থাপনা নিয়ে কোনো অনিয়ম ও দুর্নীতির সুযোগ নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক নির্দেশনায় সুষ্ঠু হজ ব্যবস্থাপনার কার্যক্রম এগিয়ে চলছে। স্বচ্ছতার ভিত্তিতেই হজযাত্রীদের প্রাক-নিবন্ধন কার্যক্রম সম্পন্ন হয়েছে। গতকাল ১৩ মার্চ সোমবার ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান তার দফতরে সাংবাদিকদের সাথে আলাপকালে এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৪)।

**৫। পর্যাযক্রমে ১০ কোটি ১৭ লাখ স্মার্ট কার্ড বিতরণ করা হবে : প্রধান নির্বাচন কমিশনার**

আগামী সংসদ নির্বাচন সব দলের অংশগ্রহণে গ্রহণযোগ্য নির্বাচন হবে বলে আশা করছেন প্রধান নিবার্চন কমিশনার কে এম নূরুল হুদা। গতকাল ১৩ মার্চ সোমবার চট্টগ্রাম সার্কিট হাউজে তিনি স্মার্ট কার্ড বিতরণ কর্মসূচি উদ্বোধনকালে এ কথা বলেন। উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রধান নির্বাচন কমিশনার পর্যায়ক্রমে ১০ কোটি ১৭ লাখ স্মার্ট কার্ড বিতরণ করা হবে বলে জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৮) **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

**৬। জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদক নিয়ন্ত্রণে এশিয়ার দেশগুলোর পুলিশের সরাসরি যোগাযোগ চায় বাংলাদেশ**

জঙ্গিবাদ, সন্ত্রাস ও মাদক নিয়ন্ত্রণে দক্ষিণ এশিয়ার দেশগুলোর সঙ্গে পুলিশ টু পুলিশ যোগাযোগ স্থাপন করতে চায় বাংলাদেশ পুলিশ। যাতে সম্মেলনে অংশ নেওয়া ১৪ দেশের পুলিশের সঙ্গে সরাসরি যোগাযোগ রক্ষার মাধ্যমে পুলিশের জঙ্গিসহ যে কোনো ধরনের অপরাধীদের গ্রেফতারের পথ সুগম হয়। পাশাপাশি জঙ্গিবাদ প্রসার বন্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমের সার্ভিস হোল্ডারদের সহযোগিতা প্রয়োজন। গতকাল ১৩ মার্চ সোমবার পুলিশ সম্মেলনের দ্বিতীয় দিনে এসব মতামত ও পর্যবেক্ষণ নিয়ে আলোচনা হয়েছে। সম্মেলনের সার্বিক বিষয় নিয়ে সংবাদ সম্মেলনে আইজিপি এ কে এম শহীদুল হক বলেছেন, এ সম্মেলনের মাধ্যমে বাংলাদেশ পুলিশ দক্ষিণ এশিয়ার বিভিন্ন

দেশের পুলিশের সঙ্গে সরাসরি যোগাযোগের একটি ক্ষেত্র তৈরি করতে চায়। ঢাকায় বাংলাদেশ পুলিশসহ **১৫** দেশের পুলিশ প্রধানদের **৩** দিনব্যাপী 'রিজিওনাল করপোরেশন ইন কারভিং ভায়োলেন্ট এক্সট্রিমস অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের দ্বিতীয় দিনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৬) **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

**৭। আসামিকে ডান্ডাবেড়ি পরিয়ে আদালতে হাজির করা যাবে না : হাইকোর্টের নির্দেশ**

ভবিষ্যতে কোনো আসামিকে ডান্ডাবেরি পরিয়ে আদালতে হাজির করা যাবে না বলে নির্দেশ দিয়েছে হাইকোর্ট। গতকাল **১৩** মার্চ সোমবার ডান্ডাবেরি পরিয়ে আসামি হাজিরের বিষয়ে ডিআইজি প্রিজন তৌহিদুল ইসলাম হাইকোর্টে ব্যাখ্যা দিতে গেলে এ নির্দেশ দেওয়া হয়। হাইকোর্টের তলব আদেশের পরিপ্রেক্ষিতে গতকাল **১৩** মার্চ সোমবার বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি কৃষ্ণা দেবনাথের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আর্দেশ দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১) **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**৮। এসএমই উদ্যোক্তাদের ঋণের খরচ কমবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার**

ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) ঋণের খরচ কমাতে এর চার্জ নির্ধারণ করে দিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকগুলো কোন নামে কী হারে চার্জ নিতে পারবে তা ঠিক করে দেওয়া হয়েছে। এখন থেকে এসএমই ঋণের আবেদন বাবদ সর্বোচ্চ ২০০ টাকা ফি নেওয়া যাবে। অন্য ক্ষেত্রে যা খরচ তার চেয়ে বেশি চার্জ নিতে পারবে না ব্যাংক। গতকাল **১৩** মার্চ সোমবার বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (বিআরপিডি) থেকে এ-সংক্রান্ত একটি সার্কুলার ব্যাংকগুলোতে পাঠানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.২), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১)।

**৯। চেক জালিয়াতিতে খোয়ানো টাকা গ্রাহককে তাৎক্ষণিক ফেরত দিতে হবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার**

চেক জাল বা অন্য কোনোভাবে গ্রাহকের একাউন্ট থেকে টাকা খোয়া গেলে তাৎক্ষণিকভাবে তা গ্রাহককে ফেরত দিতে হবে। জালিয়াতির সঙ্গে নিজেদের কর্মকর্তা যুক্ত থাকলেও তাৎক্ষণিকভাবে এবং তৃতীয় পক্ষ জড়িত থাকলেও পরিচালনা পর্ষদের অনুমোদন নিয়ে ফেরত দিতে হবে। গ্রাহকের হিসাবে অর্থ জালিয়াতির ঘটনায় গ্রাহককে যথাযথ ক্ষতিপূরণ প্রদান প্রসঙ্গে গতকাল **১৩** মার্চ সোমবার জারি করা এক সার্কুলারে এ নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৭)।

**১০। জাতীয় এসএমই মেলা শুরু আগামীকাল**

চলতি অর্থবছরে এসএমই ফাউন্ডেশন পঞ্চমবারের মতো জাতীয় এসএমই মেলা আয়োজন করতে যাচ্ছে। মেলাটি **১৫** থেকে **১৯** মার্চ ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে। গতকাল **১৩** মার্চ সোমবার এসএমই ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মো. সফিকুল ইসলাম মেলার বিভিন্ন দিক তুলে ধরেন। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। অনুষ্ঠানে 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০১৭' ও 'জাতীয় এসএমই ব্যবসা পরিকল্পনা প্রতিযোগিতা-২০১৬' এর বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.২) **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৪)।

## সম্পাদকীয়

**ক. ইত্তেফাক :** কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর দেশের শিক্ষিত বেকার তরুণদের উদ্যোক্তা হওয়ার যে আহ্বান জানিয়েছেন তাকে দিকনির্দেশনামূলক বলে উল্লেখ করে জামানতের সম্পদ না থাকায় এসব তরুণরা যদি ব্যাংক ঋণ বা মূলধন না পায় তাহলে গভর্নরের সেই সুপরামর্শ বিফলে যাবে বলে অভিমত।

**খ. সংবাদ :** কেন্দ্রীয় ব্যাংকের পরিদর্শন প্রতিবেদনে প্রকাশিত এনআরবি কমার্শিয়াল ব্যাংকের (এনআরবিসি) ৭৫০ কোটি টাকার ঋণে গুরুতর অনিয়মের অভিযোগের বিষয় তুলে ধরে সব ব্যাংকের খেলাপি ঋণের দুরবস্থার জন্য দায়ীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার চিত্রা নদীর ওপর সেতু না থাকায় জনদুর্ভোগের চিত্র তুলে ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবিলম্বে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ , ইত্তেফাক :** ইলিশ উৎপাদনকারী ১১টি দেশের মধ্যে শীর্ষস্থানে থাকা বাংলাদেশের ইলিশ উৎপাদন বৃদ্ধির বর্তমান সাফল্যকে ধরে রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগী হওয়ার পাশাপাশি জেলে পরিবারগুলোর যথাযথ পুনর্বাসনে নজর দেওয়ার আহ্বান।

ঙ. **সমকাল, যুগান্তর, যায়যায়দিন, ভোরের কাগজ, ডেইলি স্টার :** নৌবাহিনীতে দুটি সাবমেরিন যুক্ত হওয়ায় নৌবাহিনীর ত্রিমাত্রিক বাহিনী হিসেবে নবযাত্রা শুরু করল যা দেশের অর্থনৈতিক ও সামরিক সক্ষমতার পরিচায়ক বলে অভিমত।

চ. **ইনকিলাব :** পোল্ট্রি খাতের নানাবিধ সমস্যা তুলে ধরে এ শিল্পকে বিদেশীদের খপ্পর থেকে রক্ষার্থে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় সবকিছু করার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশে মাদকদ্রব্যের অনুপ্রবেশ বন্ধে সীমান্তে কঠোরভাবে নজরদারি বাড়ানোসহ শিক্ষা প্রতিষ্ঠানে ও মিডিয়াতে মাদকের প্রভাব নিয়ে ব্যাপক প্রচারণা চালানোর ওপর গুরুত্বারোপ।

জ. **ডেইলি সান :** হাজারীবাগ থেকে ট্যানারি স্থানান্তর প্রক্রিয়া অবিলম্বে সম্পন্ন করতে আরও কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঝ. **নিউজ টুডে :** বজ্রপাতে নিহতের ঘটনাকে দুর্যোগ হিসেবে অত্যধিক গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঞ. **নিউ এজ, জনকণ্ঠ, প্রথম আলো :** ২৫ মার্চ গণহত্যা দিবস ঘোষিত হওয়ায় জাতীয় সংসদকে অভিনন্দন জানিয়ে এ গণহত্যা দিবস বিশ্ব মানবতার নিপীড়ন বিরোধী সংগ্রামেরও একটি মাইলফলক বলে অভিমত প্রকাশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে পারিবারিক ও সামাজিক জীবনে শান্তি ও সম্প্রীতি ছাড়া জাতীয় জীবনে শান্তি ও সমৃদ্ধি আসে না তাই উঁচু দালান বানানোর চেয়ে সমাজ ও রাষ্ট্রে উঁচু আদর্শ স্থাপন বেশি মূল্যবান বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'প্রশ্নপত্র ফাঁস ও সর্বনাশ'** শিরোনামের নিবন্ধে মাহমুদুল বাসার টেকসই শিক্ষাব্যবস্থা চাইলে প্রশ্ন ফাঁসকারী চক্রকে দমন করতে হবে। খাঁটি শিক্ষাই বেঁচে থাকার হাতিয়ার, নকল শিক্ষা নয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা